



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন: ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৬/০৩/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন পাবিপ্রবিতে

(২৬/০৩/২০২১): আজ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। জাতি এবারের স্বাধীনতা দিবস উদযাপন করছে স্বাধীনতার ৫০ বছর পূর্তি হিসেবে। একই সাথে উদযাপন করছে জাতির পিতার জন্মশতবার্ষিকী। দিবসটি উৎসবমুখর পরিবেশে উদযাপন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। সকালে স্বাধীনতা চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মৃতির প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা অর্পণ করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তম আলী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম। এরপর শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।



মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শ্রদ্ধা অর্পণ শেষে এক ভাষণে উপাচার্য বলেন, দেশ ভাগের পর তৎকালীন শাসক গোষ্ঠী এ ভূখণ্ডকে কেবল শোষণের জায়গা হিসেবে বেছে বাঙালির উপর দমনপীড়ন নির্যাতন চালাতে থাকে। বিষয়টি অনুধাবন করে শেখ মুজিবুর রহমান বাঙালিকে ঐক্যবদ্ধ করেন এবং ২৪ বছর ধরে স্বাধীনতা যুদ্ধের জন্য প্রস্তুত করেন।

সঠিক দিক নির্দেশনা দিয়ে ৬ দফা, ৭০ এর নির্বাচন, ৭ মার্চের ভাষণ, সর্বশেষ ২৬ মার্চের প্রথম প্রহরে গ্রেফতারের আগে স্বাধীনতার ঘোষণা দেন। বঙ্গবন্ধুর নির্দেশে নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে বাঙালি চূড়ান্ত বিজয় ছিনিয়ে আনে। বঙ্গবন্ধু মুক্তির জন্মদাতা।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

শৃঙ্খল মুক্তির মহানায়ক। উপাচার্য আরও বলেন, বঙ্গবন্ধুর বাংলাদেশ এখন ৫০ বছরে স্বাধীন সার্বভৌম উন্নত এক জাতি। সারা বিশ্বের কাছে বাংলাদেশ বিস্ময়কর এক দেশ। বঙ্গবন্ধুর সোনার বাংলা এখন আমরা পেয়েছি তাঁরই কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাত ধরে। বঙ্গবন্ধুর দেখানো দিক নির্দেশনা ধরেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। বাংলাদেশকে একটি সুখী সমৃদ্ধ দেশ গঠনে আমরা সবাই মাননীয় প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করে যাচ্ছি।

এ সময় ফুল দিয়ে আরো শ্রদ্ধা জানান বিজ্ঞান অনুষদ, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, শেখ হাসিনা হল প্রশাসন, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স অ্যাসোসিয়েশন, কর্মচারী সমিতি, পরিবহন পুল, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইইই, ব্যবসায় প্রশাসন, পদার্থবিজ্ঞান, গণিত, রসায়ন পরিবার, অর্থনীতি, বাংলা, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ইংরেজি, লোক প্রশাসন বিভাগ, বিশ্ববিদ্যালয় নীল দল, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ ও রোভার স্কাউট গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

এ সময় উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা- কর্মচারীবৃন্দ ও শিক্ষার্থীরা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ। অনুষ্ঠান শেষে বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। বাদ জুম্মা শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।